গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সরকারি সমুদ্র পরিবহন অফিস
সরকারি কার্য ভবন-০১
আগ্রাবাদ, চট্টগ্রাম-৪১০০।

জরুরি
সীমিত

নম্বর ১৮.১৭.১৫০০.৩০৮.৪৩.০০১.২০.৪৮

তারিখ: ১৫ অগ্রহায়ণ ১৪২৭
৩০ নভেম্বর ২০২০

বিজ্ঞপ্তি

বিষয়: **রোস্টার সংক্রান্ত সাধারণ বিজ্ঞপ্তি**

এতদ্বারা অত্র অফিসের নিবন্ধনপ্রাপ্ত সকল নাবিকের অবগতির জন্য জানানো যাচ্ছে যে,

১। কোম্পানী রোস্টারে অন্তর্ভুক্তি বা কোম্পানী রোস্টার হতে নাম কর্তন উভয় ক্ষেত্রে সংশ্লিষ্ট কোম্পানীর সুপারিশের প্রয়োজন হয়।

২। কোম্পানী রোস্টারে অন্তর্ভুক্তির ০১ (এক) বছরের মধ্যে রোস্টার পরিবর্তন করা যায় না।

৩। নবীন নাবিক কোন কোম্পানীর রোস্টারভুক্ত হলে কমপক্ষে ০৩ (তিন) বছর ঐ কোম্পানীতে থাকতে হয়।

৪। প্রযুক্তিগত উৎকর্ষের কারনে সাধারন রোস্টারের নাবিকদের রেজিস্টার্ড ডাকযোগে কলকার্ড/নোটিশ প্রদান করা হয়না। এর পরিবর্তে নিয়মিত মোবাইলে কল করা হয়।

৫। সাধারন রোস্টারের নাবিককে প্রতিদিন সকাল ১০টায় উপস্থিত হয়ে রেজিস্টারে স্বাক্ষর পূর্বক নির্বাচনী জমায়েতে হাজির থাকতে হয়।

৬। রোস্টার বই ইস্যু, রোস্টার তালিকায় অন্তর্ভূক্তি, রোস্টার পরিবর্তন ইত্যাদি দৈনন্দিন কাজের জন্য সকাল ৯টা থেকে দুপুর ১টার মধ্যে উপস্থিত হয়ে আবেদন করতে হয়। দুপুর ১টার পরে আগত আবেদন উপস্থিতি সাপেক্ষে পরের কর্মদিবসে নিস্পত্তি করা হয়।

৭। কোম্পানী রোস্টারের নাবিককে কোম্পানীর সাথে যোগাযোগ করে সিনিয়রিটি অনুযায়ী উপস্থিত হয়ে নির্বাচন তথা চুক্তিপত্রে সাইন অন করতে হয়। সমস্যা থাকলে তাৎক্ষনিক শিপিং মাস্টারকে জানাতে হয়। নির্বাচন তথা সাইন অন সমাপ্ত হলে আর অভিযোগ গ্রহন করা হয় না।

৮। কোম্পানী এবং সাধারন রোস্টারের নাবিককে চুক্তিপত্রে সাইন অনের পূর্বে সংশ্লিষ্ট জাহাজ, ম্যানিং এজেন্ট/জাহাজ মালিক, বেতন-ভাতা সহ অন্যান্য সুযোগ সুবিধা যাচাই বাছাই করে সন্তুষ্ট হলে কেবল বুঝে শুনে চুক্তিপত্রে স্বাক্ষর করতে হয়।

৯। মাস্ক পরা ব্যতীত কোন সেবা প্রদান করা হয় না (No Mask, No Service)। মাস্ক পরিধান করে সেবা গ্রহন করুন।

১০। নিজে সচেতন হউন,অন্যকে সচেতন করুন। নিজের কাজ নিজে করুন ।

অতএব, সংশ্লিষ্ট সকল নিবন্ধনপ্রাপ্ত নাবিককে উক্ত নিয়মাবলী যথাযথ ভাবে অনুসরণ করে অত্র অফিসে উপস্থিত এবং আবেদন দাখিল করার জন্য অনুরোধ করা হলো।

বি:দ্র: (ক্রমিক ০১ হতে ০৩ ব্যতিক্রম ব্যতীত)।

৩০-১১-২০২০
মোঃ জাকির হোসেন চৌধুরী
শিপিং মাস্টার
ইমেইল: gso@gso.gov.bd

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) মহাপরিচালক, মহাপরিচালকের দপ্তর, নৌপরিবহন অধিদপ্তর

২) পরিচালক, নাবিক ও প্রবাসী শ্রমিক কল্যাণ পরিদপ্তর

৩) ওয়েবসাইট, সরকারি সমুদ্র পরিবহন অফিস